

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

পরিদর্শন (বরিশাল) শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০০১.২০.১৯৭

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বরিশাল জেলার হিজলা উপজেলাধীন আফসার উদ্দীন ফাজিল মাদ্রাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) আফসার উদ্দীন ফাজিল মাদ্রাসার স্মারক নং-অধ্যক্ষ এর আবেদন; তারিখ: ২৫.০১.২০২২খ্রি:

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪; তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদ্রাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়েছে।

০২. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনান্তে সূত্রোক্ত ২ নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল মাদ্রাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে নিম্নে বর্ণিত ব্যক্তিকে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো-

| মনোনিত বিদ্যোৎসাহী প্রতিনিধি ও পিতার নাম                    | ঠিকানা   | শিক্ষাগত যোগ্যতা | পেশা       |
|---|--|------------------|------------|
| জনাব মোঃ হাফিজুর রহমান<br>পিতাঃ মৃত আব্দুল মান্নান হাওলাদার | গ্রামঃ শ্রীপুর পোঃ ওসমানমঞ্জিল,<br>উপজেলা: হিজলা, জেলা: বরিশাল | এইচএসসি          | উল্লেখ নেই |

উল্লেখ্য, রাষ্ট্রীয় নিয়ম শৃঙ্খলা ও স্বার্থ পরিপন্থী কোন কর্মকান্ডের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সদস্য পদ যে কোন সময় বাতিল করতে পারে।

৫-২-২০২৩

ইমন আমির  
পরিদর্শক

অধ্যক্ষ, আফসার উদ্দীন ফাজিল মাদ্রাসা, হিজলা, বরিশাল

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০৯.০০১.২০.১৯৭/১(৫)

তারিখ: ২২ মাঘ ১৪২৯

০৫ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, বরিশাল
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, হিজলা, বরিশাল
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হিজলা, বরিশাল
- ৫) জনাব জনাব মোঃ হাফিজুর রহমান, গ্রামঃ শ্রীপুর পোঃ ওসমানমঞ্জিল, হিজলা, বরিশাল

৫-২-২০২৩

ইমন আমির  
পরিদর্শক